

# Arbitral Tribunal award on the request of Italy in respect of a dispute concerning the incident of 15 February 2012 involving Italian tanker "EnricaLexie" and Indian fishing vessel "St. Antony"

July 02, 2020

15 ফেব্রুয়ারি 2012 ইতালিয়ান ট্যাঙ্কার 'এনরিকালেক্সি' এবং ভারতীয় মাছ ধরার জাহাজ(ভেসেল) 'সেন্ট অ্যান্টনি'-র মধ্যে ঘটে যাওয়া ঘটনা নিয়ে যে বিবাদের সূত্রপাত হয়েছিল সে সম্পর্কে ইতালির অনুরোধে মধ্যস্থতাকারি ট্রাইবুনাালের রায় প্রদান

সমুদ্র আইনের(ইউ এন সি এল ও এস) উপর ইউএন কনভেনশন এর অ্যানেক্স সিক্স অনুযায়ী মধ্যস্থতাকারী ট্রাইবুনাাল নির্বাচিত হয়েছিল। 26 জুন 2015 ইতালির অনুরোধে 15 ফেব্রুয়ারি 2012 ইতালিয় ট্যাঙ্কার 'এনরিকালেক্সি' এবং ভারতীয় মাছ ধরার জাহাজ(ভেসেল) 'সেন্ট অ্যান্টনি'-র মধ্যে ঘটে যাওয়া ঘটনা নিয়ে যে বিবাদ সে সম্পর্কে ট্রাইবুনাাল তার রায় প্রদান করেন। তার প্রধান রায়গুলি নিম্নলিখিত স্বরূপ

ইউএনসিএলওএস এর চুক্তি অনুযায়ী, ঘটে যাওয়া ঘটনা সম্পর্কে ভারতীয় কতৃপক্ষের আচরণ ট্রাইবুনাাল সম্মানের সহিত সমর্থন করেছে। ট্রাইবুনাালের মত অনুযায়ী ইতালিয় মিলিটারি অফিসারদের কার্যকলাপের ফলে ইতালি ইউএনসিএলওএস আর্টিকেল 87(1)(a) এবং 90 অনুযায়ী ভারতীয় নৌ চলাচলের স্বাধীনতা খর্ব করে চুক্তি ভঙ্গ করেছে

ট্রাইবুনাাল পর্যবেক্ষণ করেছে যে, ঘটনাটিতে ভারত এবং ইতালি উভয়ের এক্তিয়ার রয়েছে এবং নৌ সৈনিকদের বিরুদ্ধে অপরাধী হিসেবে মামলা শুরু করার আইনগত ভিত্তি রয়েছে। নৌ সেনাদের আটকে রাখার কারণে ইতালির ক্ষতিপূরণের দাবী ট্রাইবুনাাল খারিজ করে দেয়। যদিও সরকারি আধিকারিক হিসেবে নৌসেনারা যে

নিরাপত্তা ভোগ করে ভারতীয় আদালতের এজিয়ারের মধ্যে তা পরিচালনা করা একটি ব্যতিক্রমি ঘটনা এবং তাই ট্রাইব্যুনাল নৌসেনাদের ভারতীয় আদালতে বিচার করা নিবারণ করছে।

15 ফেব্রুয়ারি 2012 তে ঘটনা ঘটনায় ইতালি তার অপরাধমূলক তদন্ত আবার শুরু করার যে প্রতিশ্রুতি প্রকাশ করেছিল ট্রাইব্যুনাল তারও নোট নেয়।

ট্রাইব্যুনাল সিদ্ধান্ত নিয়েছে যে জীবনের ক্ষতি, শারীরিক ক্ষতি, সম্পত্তির ক্ষতি এবং 'সেন্ট অ্যান্টনি' জাহাজের(ভেসেল) ক্যাপ্টেন এবং অন্যান্য নাবিক সদস্যদের যে যন্ত্রনা ভোগ করতে হয়েছে তার জন্য ভারতের ক্ষতিপূরণ পাওয়ার অধিকার রয়েছে।

ট্রাইব্যুনাল এও বিচার করেছে যে ভারতের প্রাপ্য ক্ষতিপূরণের উভয় পক্ষ সম্মত পরিমাণ নির্ধারণ করার লক্ষ্য নিয়ে যেন দুই পক্ষ আলোচনায় বসে। ট্রাইব্যুনাল এও সিদ্ধান্ত নিয়েছে যে যদি কোন এক পক্ষ বা উভয় পক্ষ ভারতের প্রাপ্য ক্ষতিপূরণের পরিমাণ নিয়ে মধ্যস্থতাকারী ট্রাইব্যুনালের কাছে তার রায়ের জন্য আবেদন করে তার এজিয়ার সে বজায় রাখছে।

ভারত এই রায়ের নোট নিয়েছে এবং এই ব্যাপারে সংশ্লিষ্ট পক্ষদের সাথে যোগাযোগ রেখে চলবে।

নিউ দিল্লী

জুলাই 2, 2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

